

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৩৮. দুঃখ করবেন না, অবস্থার পরিবর্তন ঘটবেই-ইনশাল্লাহ

মুহাম্মদ ইবনে হানাফিয়াই যখন মক্কার আরিম কারাগারে বন্দী হলেন তখন কুছাযিরে বলেছিলেন-

وما رونق الدنيا بباق لأهلها * ولا شدة الدنيا بضربة لازم لهذا وهذا مدة سوف تنقضى * ويصبح مالاقيته حلم حالم

ভাবার্থঃ "সমৃদ্ধশালীদের জন্য দুনিয়ার জাকজমক স্থায়ী হবে না, দুনিয়ার দুঃখ-কষ্ট মারাত্মক আঘাত নয়; এটার জন্য ও ওটার জন্য নির্দিষ্ট সময় আছে যা শীঘ্রই শেষ হয়ে যাবে, আর আমি যে (তিক্ত বা মধুর) অভিজ্ঞতা লাভ করেছি তা স্বপ্পদ্রম্ভার স্বপ্প হয়ে যাবে।"

"আর এদের পূর্বে কত জনপদইনা ধ্বংস করেছি! তুমি কি এদের কারো চিহ্ন অনুভব করতে পার বা এদের ফিসফিসানি শুনতে পাও?" (১৯-সূরা মারইয়ামঃ আয়াত-৯৮)

একটি সহীহ হাদীসে আছে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "(বিচারের দিন প্রত্যেককে তার) অধিকার ফিরিয়ে দেয়া হবে: এমনকি শিং ছাড়া ভেড়াও শিংওয়ালার থেকে প্রতিশোধ গ্রহণ করবে।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=7746

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন